B.A/5th Sem (H)/BEN/23(CBCS)

# 2023

## 5th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : DSE 1-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

[প্রাচীন সাহিত্যতত্ত্ব ও সাহিত্যতাত্ত্বিক]

### বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। নাটকের পঞ্চসন্ধি বলতে কী বোঝো?

২। কাব্যলক্ষণ বলতে কী বোঝায়?

৩। আচার্য বিশ্বনাথের মতে কাব্যকে ক-টি ভাগে ভাগ করা যায় ও কী কী?

৪। নাটক বলতে কী বোঝায়?

৫। শব্দের অভিধা শক্তি কী?

৬। আচার্য ভরত ক-টি গুণের কথা উল্লেখ করেছেন? গুণগুলি কী কী?

P.T.O.

৭। বক্রোক্তিবাদের প্রবক্তা কে? 'বক্রোক্তি' কথাটির অর্থ কী?

৮। আচার্য বামনের মতে অলংকার বলতে কী বোঝায়?

৯। আচার্য ভরতের আবির্ভাবকাল সম্পর্কে লেখো।

১০। ভামহ কোন্ শতকের আলংকারিক? তাঁর রচিত গ্রন্থের নাম কী?

১১। 'কাব্যাদর্শ' গ্রন্থটির রচয়িতা কে? তিনি কোথাকার অধিবাসী ছিলেন?

১২। আচার্য বামনের রচিত গ্রন্থের নাম লেখো। তাঁর দুটি প্রসিদ্ধ উক্তি লেখো।

১৩। আচার্য বিশ্বনাথের আবির্ভাবের সময় উল্লেখ করে দুটি গ্রন্থের নাম লেখো।

১৪। অভিনবগুপ্তের শ্রেষ্ঠ কীর্তি কী কী?

১৫। আনন্দবর্ধন কোন্ মতবাদের প্রবক্তা? তিনি কোন্ সময়ে আত্মপ্রকাশ করেন?

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১৭। গুণ সম্পর্কে কমপক্ষে দু'জন আলংকারিকের চিন্তাভাবনা লিপিবদ্ধ করো।

১৮। অলংকার শাস্ত্রে আচার্য দণ্ডীর অবদান সংক্ষেপে আলোচনা করো।

১৯। বক্রোক্তিবাদ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২০। অলংকার শাস্ত্রে বিশ্বনাথ কবিরাজের ভূমিকা আলোচনা করো।

২১। টীকা লেখো : চিত্রকাব্য

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। "সুতরাং রসের উপাদান হল চারটি — স্থায়ীভাব, বিভাব, অনুভব ও ব্যাভিচারিভাব" — সংক্ষেপে রসের চারটি উপাদান সম্পর্কে আলোচনা করো।

২৩। 'রীতি হল কাব্যের আত্মা' — এরূপ মন্তব্যের সার্থকতা আলোচনা করো।

২৪। ঔচিত্যবাদের স্বরূপ বিশ্লেষণ করো।

২৫। অভিনবগুপ্ত কে ছিলেন? তিনি কোন্ মতবাদের প্রবক্তা? তাঁর মতবাদটি আলোচনা করো।

---

অথবা

[বাংলা সাহিত্যে প্রভাব]

## বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। রবীন্দ্রনাথের লোকসাহিত্য চর্চার নিদর্শন কোন্ গ্রন্থে রয়েছে? এই গ্রন্থের প্রকাশসাল লেখো।

২। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত লোকসঙ্গীত শিল্পীর জীবনকেন্দ্রিক একটি উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো।

৩। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর লোককথা সংকলন গ্রন্থটির নাম ও প্রকাশকাল লেখো।

৪। বঙ্কিমচন্দ্রের দুটি উপন্যাসের নাম লেখো যেখানে স্কটের প্রভাব দেখা যায়।

৫। পুরাণ কাহিনী অবলম্বনে লেখা মধুসূদন দত্তের একটি কাব্য ও একটি নাটকের নাম লেখো।

৬। কালিদাসের 'মেঘদূত' কাব্য অবলম্বনে লেখা রবীন্দ্রনাথের একটি প্রবন্ধ ও একটি কবিতার নাম উল্লেখ করো।

৭। পুরাণ কাহিনী অবলম্বনে লেখা নবীনচন্দ্র সেন-এর মহাকাব্যের নাম ও প্রকাশকাল লেখো।

৮। রামমোহন রায়ের অনুবাদ করা দুটি উপনিষদের নাম ও প্রকাশকাল লেখো।

৯। বাংলা সাহিত্যে ইউরোপীয় প্রভাব সম্পর্কে আলোচনা পাওয়া যায় রবীন্দ্রনাথের এমন দুটি প্রবন্ধের নাম লেখো।

১০। কালিদাসের প্রভাব আছে, রবীন্দ্রনাথের এমন চারটি কবিতার নাম লেখো।

১১। বাংলা নাটকের ধারায় কে, কাকে 'শেক্সপীয়রের যোগ্য ছাত্র' বলেছেন?

১২। লোকসাহিত্যের প্রভাব আছে অবনীন্দ্রনাথের এমন দুটি রচনার নাম লেখো।

১৩। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'বৃত্রসংহার কাব্য' পাশ্চাত্যের কোন্ কবির কোন্ কাব্য অনুসরণে রচিত?

১৪। শেক্সপীয়রের '*The Merry Wives of Windsor*'-এর প্রভাবে কার, কোন্ নাটক রচিত?

১৫। ত্রৈলোক্যনাথের দুটি গল্পের নাম লেখো যেখানে রূপকথার ছায়া আছে।

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। এলিয়টের প্রভাব আছে এমন বাংলা সাহিত্যের এক কবির কাব্যকৃতি সংক্ষেপে পর্যালোচনা করো।

১৭। বাংলা সাহিত্যে বোদ্‌লেয়ারের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

P.T.O.

১৮। বাংলা নাটকে ট্র্যাজেডি রচনায় শেক্সপীয়রের প্রভাব নির্দেশিত করো।

১৯। বিশ শতকের কবিদের সৃষ্টিতে পুরাণের প্রভাব আলোচনা করো।

২০। অবনীন্দ্রনাথের যে-কোনো একটি গ্রন্থ অবলম্বনে বাংলা লোকসাহিত্যের অনুষঙ্গ আলোচনা করো।

২১। উপেন্দ্রকিশোরের সাহিত্যে লোকসাহিত্যের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো।

**বিভাগ - গ**

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে লৌকিক উপাদান বিষয়ে আলোচনা করো।

২৩। বাংলা সাহিত্যে মলিয়েরের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

২৪। বাংলা ঐতিহাসিক উপন্যাসে স্কটের প্রভাব পর্যালোচনা করো।

২৫। রবীন্দ্রসাহিত্যে লোকসাহিত্যের প্রভাব বিষয়ে আলোচনা করো।

---

অথবা

[সাহিত্য আন্দোলন, সমালোচনা ও রূপরীতি]

বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। যে-কোনো দু'জন নারীবাদী তাত্ত্বিকের নাম লেখো।

২। 'মডার্নিজম্'-এর দুটি বৈশিষ্ট্য লেখো।

৩। 'Sonnet'-এর বাংলা প্রতিশব্দ কী? বাংলা সাহিত্যে এই ধারার জনক কাকে বলা হয়?

৪। 'ব্যালাড' শব্দটি কোন্ ভাষার, কোন্ শব্দ থেকে এসেছে?

৫। প্রকাশকাল-সহ রবীন্দ্রনাথের দুটি নৃত্যনাট্যের নাম লেখো।

৬। 'আর্কেটাইপাল ক্রিটিসিজম্'-এর দুটি বৈশিষ্ট্য লেখো।

৭। 'মিথ ক্রিটিসিজম্'-এর একজন পাশ্চাত্য ও একজন প্রাচ্য সাহিত্যিকের নাম লেখো।

৮। বিভূতিভূষণের আত্মজীবনীমূলক উপন্যাসটির নাম কী? সেটি কত সালে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল?

৯। 'অ্যাবসার্ড' নাটক বাংলা সাহিত্যে প্রথম কে রচনা করেন? তাঁর রচিত একটি নাটকের নাম প্রকাশকাল-সহ লেখো।

১০। চেতনাপ্রবাহরীতিমূলক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।

১১। কাব্যনাট্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

P.T.O.

১২। 'তপস্বী ও তরঙ্গিনী' গ্রন্থটি কার লেখা? এটি কী জাতীয় গ্রন্থ?

১৩। বাংলা সাহিত্যে দু'জন মেলোড্রামা রচয়িতার নাম লেখো।

১৪। বাংলা সাহিত্যে কার, কোন্ কাব্যে 'ইম্প্রেশনিজম্'-এর প্রভাব রয়েছে?

১৫। তুলনামূলক সমালোচনার দৃষ্টান্ত বাংলা সাহিত্যে কার, কোন্ রচনায় প্রথম পাওয়া যায়?

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। সাহিত্যে নারীবাদী আন্দোলনের গুরুত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। টীকা লেখ : মেলোড্রামা।

১৮। কাব্যনাট্য এবং নাট্যকাব্যের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

১৯। 'মিথ ক্রিটিসিজম্' বলতে কী বোঝো? এই সমালোচনা পদ্ধতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২০। 'পোস্ট-মডার্নিজম্'-এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২১। 'এক্সপ্রেশানিজম্' — সমালোচনার স্বরূপটি সংক্ষেপে ব্যক্ত করো।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। ঐতিহাসিক সমালোচনার স্বরূপ ও গুরুত্ব আলোচনা করো।

২৩। 'অ্যাবসার্ডিজম্' বলতে কী বোঝ? বাংলা নাট্যসাহিত্যে এর প্রভাব সম্পর্কে আলোচনা করো।

২৪। 'কম্পারেটিভ ক্রিটিসিজম্'-এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করে বাংলা সাহিত্যে এর প্রভাবটি ব্যক্ত করো।

২৫। সনেট কাকে বলে? সনেটের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

---